

# প্রতিপক্ষ বোঝা বড় দায়

বরণ মজুমদার

কে আমার প্রতিপক্ষ আজকাল বোঝা বড় দায়  
কেননা সবাই থাকে অন্তরালে লুকিয়ে কেবল  
কাছে এলে দেখা যায় অন্য এক ভয়ংকর রূপ  
বাঘনখ পরেছিল অতীতে যেমন সে শিবাজী।

দিনকাল পাল্টে যাচ্ছে অতিশয় দ্রুত, আরো দ্রুত  
প্রতিপক্ষ খুঁজে পেতে বার করা বিষম সে দায়।  
আমাদের ছায়াগুলো আজকাল প্রতিচ্ছবি নয়  
হিংস্র হায়নাগুলো আমাদের পিছু পিছু ঘোরে।

তুমিই তো বলেছিলে, উন্নতির শিখরে উঠতে  
প্রতিপক্ষ খুঁজে খুঁজে বের করা অতীব জরুরি।  
সারাক্ষণ তাই আমি তাক করি বন্দুকের নল  
এটা নাকি ক্ষমতার উৎস বলে ধরে নিতে হয়।

দ্বিগার টিপতে গিয়ে দেখি আজ সামনে দাঁড়িয়ে  
প্রিয় বন্ধু যার সাথে বহুদিন কাটিয়েছি একা।